

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নম্বর: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.১৭৯.২৫-১২৩


তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২
 ০২ মার্চ ২০২৬

অফিস আদেশ

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের পরিচালকদের পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবি	কাজের বিবরণী	প্রতিকল্প কর্মকর্তা
১.	ড. এ.টি.এম মাহবুব-উল-করিম মুগ্ধসচিব পরিচালক (অর্থ ও বাজেট এবং কল্যাণ)	(১) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের বাৎসরিক বাজেট প্রণয়ন ও অডিট সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (২) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের আয়-ব্যয় ও হিসাব সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৩) রিক্রুটিং এজেন্সীর জামানত, লাইসেন্স ফি, নবায়ন ফি ও অন্যান্য ফি সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৪) বোর্ড সভার কার্যপত্র তৈরী ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৫) মিশন/দূতাবাসের বাজেট সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৬) চিকিৎসা সহায়তা সেলের আর্থিক অনুদান কার্যক্রম তদারকি করা। (৭) সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া, কাতার, কুয়েত, ওমান, বাহরাইন, সিঙ্গাপুর ও অন্যান্য (সকল) দেশে মৃত বাংলাদেশী কর্মীদের লাশ পরিবহন ও দাফন খরচ, আর্থিক অনুদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া, সার্ভিস বেনিফিট ও ইমপুরুস সংক্রান্ত নথিপত্র পরীক্ষা-নিরীক্ষা করে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন এবং অর্থ বিতরণ সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৮) সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া, কাতার, কুয়েত, ওমান, বাহরাইন, সিঙ্গাপুর ও অন্যান্য (সকল) দেশে মৃত বাংলাদেশী কর্মীদের আর্থিক অনুদান প্রদানে জেলা প্রবাসী কল্যাণ সেন্টারের তদন্ত সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৯) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কার্যাদি।	পরিচালক (প্রশাসন)
২.	মোঃ ইমরান আহমেদ উপসচিব পরিচালক (প্রশাসন)	(১) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশাসনিক কার্যক্রম তদারকি করা। (২) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের টেন্ডার, ষ্টেশনারী মালামাল, অন্যান্য মালামাল ক্রয় এবং ষ্টোর সম্পর্কিত যাবতীয় কার্যক্রম তদারকি করা। (৩) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের যানবাহন রক্ষণাবেক্ষণ, মেরামত ও জ্বালানী সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৪) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অর্থায়নে ক্রয়কৃত যানবাহনের সীট বরাদ্দ ও উক্ত যানবাহনের ভাড়া আদায় সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৫) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির কার্যপত্র এবং জাতীয় সংসদে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর প্রশ্নোত্তর প্রস্তুত সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (৬) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক যাবতীয় রিপোর্ট প্রেরণ। (৭) ঢাকা, চট্টগ্রাম ও সিলেট আন্তর্জাতিক বিমানবন্দরের প্রবাসী কল্যাণ ডেস্কের কার্যক্রম তদারকি করা। (৮) প্রবাসী কল্যাণ ভবন, ওয়েজ আর্নাস সেন্টার, গুলশান-ভাটারাসহ বোর্ডের ভূ-সম্পত্তি ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও তদারকি করা। (৯) বিজ্ঞ আইন উপদেষ্টা, প্যানেল আইনজীবীগণের মধ্যে মামলা বন্টন, সমন্বয় ও তত্ত্বাবধান কার্যক্রম তদারকি করা। (১০) প্রবাসে মৃত্যুবরণকারী বাংলাদেশী কর্মীদের মৃতদেহ দেশে আনয়ন, সংশ্লিষ্ট দেশে দাফন সম্পর্কে দূতাবাস/হাইকমিশনের সাথে যোগাযোগসহ মৃতের ওয়ারিশদের অবহিতকরণ সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (১১) বিদেশের কারাগারে আটক, অসুস্থ, পশু ও মৃত্যুদণ্ড প্রাপ্ত কর্মীর বিষয়ে সংশ্লিষ্ট দূতাবাস/হাইকমিশনে যোগাযোগ ও সহায়তাকরণ সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (১২) বোর্ডের কার্যক্রম প্রচার-প্রচারণা ও লাইব্রেরী পরিচালনা সংক্রান্ত কার্যক্রম তদারকি করা। (১৩) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কার্যাদি।	পরিচালক পরিচালক (তথ্য-প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা)

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



(ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ডুইয়া)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
০২-৪৮৩১৮২০৪ (অফিস)
✉ dg@wewb.gov.bd

অনুলিপি:

- ১। পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ২। প্রকল্প পরিচালক, RAISE, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এনালিস্ট/উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপ-পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ডেস্ক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
- ৯। সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), প্রবাসী কল্যাণ সেন্টার (সকল)।
- ১০। নথি সম্পাদনকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ১৩। অফিস নথি।